COVIDSafe অ্যাপটির জন্য প্রাইভেসি পলিসি

আপনার ব্যক্তিগত তথ্য কীভাবে পরিচালনা করা হয় তা জেনে নিন।

এই পৃষ্ঠাতে আছে

- কোন ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হবে, এবং কেন তা সংগ্রহ করা হচ্ছে?
- কীভাবে ব্যক্তিগত তথ্য সংগ্রহ হরা হবে?
- কীভাবে ব্যক্তিগত তথ্য সঞ্চয় করা হবে?
- কীভাবে ব্যক্তিগত তথ্য ব্যবহার এবং প্রকাশ করা হবে?
- ব্যক্তিগত তথ্য কি মুছে ফেলা যাবে?
- কোন ইউজার বা ব্যবহারকারী কি ব্যক্তিগত তথ্য ঠিক করতে বা অ্যাক্সেস করতে পারবেন?
- গোপনীয়তার বিষয়ে আরো তথ্য
- আমাদের সাথে যোগাযোগ করুন

COVIDSafe-এর গোপনীয়তার নীতি ইংরেজী ছাড়া অন্য ভাষায় পড়ুন।

ডিজিটাল ট্রান্সফর্মেশন এজেন্সির সহায়তায় অস্ট্রেলিয়ান ডিপার্টমেন্ট অফ হেলথ COVID-19 এর বিস্তার রোধে স্টেট এবং টেরিটোরি স্বাস্থ্য কর্মীদের (**স্বাস্থ্য কর্মীগণ**) কন্টাক্ট ট্রেসিং করতে সাহায্য করার জন্য COVIDSafe বাস্তবায়ন করছে।

কন্টাক্ট ট্রেসিং হচ্ছে মহামারীর সময় জনস্বাস্থ্য সুরক্ষার একটি মৌলিক হাতিয়ার। এটি এমন লোকদের সনাক্ত করার প্রক্রিয়া যাঁরা COVID-19 আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এসেছিলেন, যাতে তাদের COVID-19 এর আরও বিস্তার রোধে সহায়তা করার ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেওয়া যেতে পারে (যেমন পরীক্ষা করা বা স্ব-বিচ্ছিন্ন হওয়া) ।

এই প্রাইভেসি পলিসিটি *প্রাইভেসি অ্যাক্ট ১৯৮৮* *(Privacy Act 1988)* অনুসারে COVIDSafe-এর মাধ্যমে সংগ্রহ করা ব্যক্তিগত তথ্য কীভাবে পরিচালনা করা হবে তা নির্ধারণ করে। COVIDSafe অ্যাপের ব্যবহারকারী এবং এই অ্যাপ থেকে সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষা আরো জোরদার করার জন্য ২০২০ সালের মে’ মাসে এই আইনটি প্রাইভেসি আমেন্ডমেন্ট (পাবলিক হেলথ কন্ট্যাক্ট ইনফরমেশন) অ্যাক্ট ২০২০) দ্বারা সংশোধিত করা হয়েছে।

ডিপার্টমেন্ট অফ হেলথ-এর সেক্রেটারী নির্ধারণ করেছেন যে ডিজিটাল ট্রান্সফর্মেশন এজেন্সি (আমরা) COVIDSafe-এর ন্যাশনাল ডাটা স্টোর অ্যাডমিনিস্ট্রেটর (National COVIDSafe Data Store Administrator)। এটি শুধুমাত্র এই নীতি এবং প্রাইভেসি অ্যাক্ট ১৯৮৮ (Privacy Act 1988) অনুযায়ী আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ, ব্যবহার বা প্রকাশ করবে। এই অ্যাপটি ব্যবহারের সময়

আপনার ব্যাপারে আপনার ব্যক্তিগত তথ্যে অস্ট্রেলিয়ার ডিপার্টমেন্ট অফ হেলথ-এর কোন অ্যাক্সেস নেই।

কোন ধরণের ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হবে, এবং কেন সংগ্রহ করা হচ্ছে?

আপনি COVIDSafe-এ ডাটা রেজিস্টার, আপলোড, ব্যবহার করার সময় কন্টাক্ট ট্রেসিং করায় সহায়তার জন্য আমরা ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি।

আপনি যখন COVIDSafe-এর জন্য নিবন্ধন করবেন

আমরা নিম্নোক্ত বিষয়ে তথ্য সংগ্রহের জন্য আপনার সম্মতি চাইবো

- **মোবাইল ফোন নম্বর -** যাতে কন্টাক্ট ট্রেসিং-এর প্রয়োজন হলে আপনার সাথে যোগাযোগ করা যেতে পারে
- **নাম -** যাতে সংশ্লিষ্ট স্বাস্থ্য কর্মকর্তারা নিশ্চিত করতে পারেন যে তারা কন্টাক্ট ট্রেসিং-এর সময় সঠিক ব্যক্তির সাথে কথা বলছেন। আপনি যদি আপনার পুরো নামটি সরবরাহ করেন তবে এটি সবচেয়ে সহজ হবে তবে আপনি যদি পছন্দ করেন তবে আপনি ছদ্মনাম বা নকল নাম ব্যবহার করতে পারেন
- **বয়সসীমা** – যাতে স্বাস্থ্য কর্মীরা প্রয়োজন হলে কন্টাক্ট ট্রেসিং-এর ক্ষেত্রে কেসগুলোকে অগ্রাধিকার দিতে পারেন
- **পোস্টকোড** – নিশ্চিত করার জন্য যে আপনার অঞ্চলে কর্মরত সঠিক স্টেট বা টেরিটোরি থেকে স্বাস্থ্য কর্মীরা আপনার সাথে যোগাযোগ করতে পারেন এবং কন্টাক্ট ট্রেসিং-এর ক্ষেত্রে কেসগুলিকে অগ্রাধিকার দিতে পারেন, উদাহরণস্বরূপ, হটস্পট অঞ্চল

আপনি যদি ১৬ বছরের কম বয়সী হন তবে আপনার পিতামাতা বা অভিভাবককে আপনার রেজিস্ট্রেশন তথ্য এবং যোগাযোগের ডাটা সংগ্রহের জন্য সম্মতি জানাতে হবে।

আপনি যখন COVIDSafe ব্যবহার করবেন

আপনার অ্যাপ্লিকেশনটি কেবলমাত্র নিম্নলিখিত যোগাযোগের ডাটা রেকর্ড করবে: (১) এনক্রিপ্ট করা ইউজার আইডি, (২) যোগাযোগের তারিখ ও সময়, (৩) আপনার সংস্পর্শে আসা অন্যান্য COVIDSafe ব্যবহারকারীদের ব্লুটুথ সিগন্যাল স্ট্রেংথ, (৪) আপনার ফোনের ধরন ও মডেল। এই তথ্য অন্যান্য ব্যবহারকারীর ডিভাইসেও রেকর্ড করা হবে এবং এনক্রিপ্টেড ফর্মে স্টোর করা হবে।

একটি এনক্রিপ্ট করা ইউজার আইডি প্রতি ২ ঘন্টায় তৈরি করা হবে। কন্টাক্ট ট্রেসিং-এর জন্য আপনাকে চিহ্নিত করার প্রয়োজনে ডিজিটাল ট্রান্সফর্মেশন এজেন্সি পরিচালিত ন্যাশনাল COVIDSafe ডাটা স্টোর (**ডাটা স্টোর**) এ এটি লগ ইন করা হবে।

কোনও অবস্থানের ডাটা (আপনার চলাচলগুলি ট্র্যাক করতে ব্যবহৃত হতে পারে এমন ডাটা) কখনই সংগ্রহ করা হবে না। এনক্রিপ্টেড হওয়ায় কোনও ব্যবহারকারী তাদের ডিভাইসে সঞ্চিত যোগাযোগের ডাটা দেখতে সক্ষম হবে না। যোগাযোগের তথ্য ডিক্রিপ্ট করার যে কোনও প্রয়াস একটি অপরাধ। কোনও ডিভাইসে সঞ্চিত যোগাযোগের ডাটা ২১ দিন পর স্বয়ংক্রিয়ভাবে মোছা হবে।

আমরা কোনও ডিভাইসে সঞ্চিত যোগাযোগের ডাটা অ্যাক্সেস করতে পারি না, বা কোনও COVIDSafe ব্যবহারকারী ডাটা স্টোরটিতে ডাটা আপলোড করার জন্য সম্মতি না দিলে, স্বাস্থ্য কর্মকর্তাদের সাথে এটি শেয়ার করতে পারি না।

আপনি যদি COVID-19 টেস্টে ইতিবাচক ফল আসে

একজন স্বাস্থ্য কর্মী আপনার সাথে যোগাযোগ করবেন এবং এসএমএসের মাধ্যমে আপনাকে পাঠানোর জন্য একটি পিন তৈরি করতে ডাটা স্টোরটিতে আপনার মোবাইল নম্বর প্রবেশের অনুমতি চাইবে।

আপনি যদি পিনটি প্রবেশ করেন, তবে আপনি কন্টাক্ট ট্রেসিং সক্রিয় করতে আপনার ডিভাইসে যোগাযোগের ডাটা স্বাস্থ্য কর্মীদের সাথে শেয়ার করে নেওয়ার জন্য ডাটা স্টোরে আপলোড করার সম্মতি দেবেন।

যদি অন্য কোনও ব্যবহারকারী COVID-19 এ ইতিবাচক ফল পেয়ে থাকেন তবে তারা তাদের যোগাযোগের ডাটা আপলোড করতে পারে, এবং এতে আপনার সাথে তাদের যোগাযোগের বিশদ বিবরণ অন্তর্ভুক্ত থাকতে পারে।

কীভাবে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হবে?

COVIDSafe এর ব্যবহার সম্পূর্ণ ঐচ্ছিক। আপনি যে কোনও সময় COVIDSafe ইনস্টল বা ডিলিট করতে পারেন।

আপনার COVIDSafe ব্যবহারের অংশ হিসাবে, আমরা সংগ্রহ করবঃ

- আপনি সফলভাবে এসএমএসের মাধ্যমে প্রেরিত একটি পিন প্রবেশ করার পরে আপনার রেজিস্ট্রেশনের তথ্য

- যখন আপনার ডিভাইসে COVIDSafe সক্রিয় বা চলমান থাকে তখন আপনার এনক্রিপ্ট করা ইউজার আইডি সম্পর্কিত তথ্য
- আপনি যে COVID-19 তে ইতিবাচক ফল পেয়েছেন সে সম্পর্কিত তথ্য যখন আপনি কোনও স্বাস্থ্য কর্মীকে আপনার যোগাযোগের ডাটা আপলোড করতে সক্ষম করার জন্য একটি এসএমএস প্রেরণে সম্মত হন
- আপনার যোগাযোগের ডাটা, যখন আপনি COVID-19- তে ইতিবাচক ফল পান এবং ডিভাইসে যোগাযোগের ডাটা আপলোড করা বেছে নেন
- COVIDSafe ব্যবহারকারী অন্য আরেকজনের যোগাযোগের ডাটা, যখন ঐ ব্যবহারকারীর COVIDSafe পরীক্ষায় ইতিবাচক ফল আসে এবং তাঁরা তাঁদের যোগাযোগের ডাটা তাঁদের ডিভাইসে আপলোড করা বেছে নেন, যার মধ্যে আপনার সাথে তাঁদের যোগাযোগের বিস্তারিতও অন্তর্ভুক্ত থাকতে পারে।

COVIDSafe ইনস্টল করতে বা চালিয়ে যাওয়া বা ডাটা স্টোরটিতে যোগাযোগের ডাটা আপলোড করতে সম্মত হওয়ার জন্য কোনও ব্যবহারকারীর চাপ অনুভব করা উচিত নয়। এটি প্রাইভেসি অ্যাক্ট ১৯৮৮-এর অধীনে নিষিদ্ধ। যদি আপনি এইগুলির মধ্যে কোনও কিছু করার জন্য চাপ অনুভব করেন তবে আপনি Office of the Australian Information Commissioner, এবং/ অথবা Australian Federal Police– এর কাছে অভিযোগ করতে পারেন।

কীভাবে ব্যক্তিগত তথ্য সংরক্ষণ করা হবে?

আমরা রেজিস্ট্রেশনের সমস্ত তথ্য, এনক্রিপ্ট করা ইউজার আইডি এবং যোগাযোগের ডাটা, ডাটা স্টোরে সংরক্ষণ করব। এটি অস্ট্রেলিয়ায় অবস্থিত অবকাঠামো ব্যবহার করে একটি ক্লাউড-বেজড সুবিধা, যা 'সুরক্ষিত' সুরক্ষা স্তর পর্যন্ত ডাটা সংরক্ষণের জন্য উপযুক্ত হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে।

প্রাইভেসি অ্যাক্ট ১৯৮৮ অনুযায়ী হেলথ মিনিস্টার কর্তৃক নির্ধারিত COVIDSafe ডাটা পিরিয়ড শেষ হবার সাথে সাথে যত তাড়াতাড়ি সম্ভব আমরা ডাটা স্টোরের থেকে সকল ডাটা মুছে ফেলবো।

যোগাযোগ হওয়ার ২১ দিন পর আপনার ডিভাইসের যোগাযোগের ডাটা স্বয়ংক্রিয়ভাবে আপনার ডিভাইস থেকে মুছে ফেলা হবে। আপনি যদি আপনার ডিভাইস থেকে COVIDSafe অ্যাপটি মুছে ফেলেন বা ডাটা স্টোরটিতে আপনার যোগাযোগের ডাটা আপলোড করেন তবে এটিও মুছে ফেলা হবে।

কীভাবে ব্যক্তিগত তথ্য ব্যবহার এবং প্রকাশ করা হবে?

আমরা স্বাস্থ্য কর্মীদের দ্বারা কন্টাক্ট ট্রেসিং সক্রিয় করতে আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার বা প্রকাশ করব। এর মধ্যে অন্তর্ভুক্ত হচ্ছেঃ

- আপনার নম্বরটি নিশ্চিত করতে বা আপনার যোগাযোগের ডাটা আপলোড করতে আপনাকে একটি এসএমএস প্রেরণ করার জন্য আপনার মোবাইল নম্বর ব্যবহার করা
- বিগত ২১ দিনের মধ্যে ইতিবাচক COVIDSafe ব্যবহারকারীর সাথে যোগাযোগ ছিল এমন অন্যান্য COVIDSafe ব্যবহারকারীদের সনাক্ত করতে আপলোড করা যোগাযোগের ডাটাতে এনক্রিপ্ট করা ইউজার আইডি ব্যবহার করা (**ইউজার-এর সাথে যোগাযোগ বা contact user**)
- কন্টাক্ট ট্রেসিং সক্রিয় করতে স্বাস্থ্য কর্মকর্তাদের অ্যাক্সেস সহ রেজিস্ট্রেশন তথ্য এবং contact users-দের যোগাযোগের ডাটা সরবরাহ করা

Contact Users-দের তাদের স্টেট বা টেরিটোরির প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেওয়া যেতে পারে (যেমন স্ব-বিচ্ছিন্নকরণ)। এই পদক্ষেপগুলি মেনে চলতে ব্যর্থতা স্টেট বা টেরিটোরি আইনের লঙ্ঘন হতে পারে।

আমরা নিম্নোক্ত ক্ষেত্রেও আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার বা প্রকাশ করবোঃ

- COVIDSafe বা ডাটা স্টোরের যথাযথ কার্যকারীতা, সম্পূর্ণতা বা নিরাপত্তা নিশ্চিত করতে
- COVIDSafe-এর মাধ্যমে মোট নিবন্ধনের সংখ্যার ব্যাপারে বি-নির্ধারিত পরিসংখ্যানমূলক তথ্য প্রস্তুত করার জন্য
- আপনি যখন ডাটা স্টোরে রাখা ব্যক্তিগত ডাটা মুছে ফেলার অনুরোধ জানান, তখন তা সঠিকভাবে মুছে ফেলা হচ্ছে কিনা তা নিশ্চিত করতে
- Information Commissioner-এর কাছে *Privacy Act 1988* -এর Part VIIIA -এর অধীনে বা অনুযায়ী ক্রিয়া সম্পাদন বা ক্ষমতার অনুশীলন করতে
- যদি প্রয়োজন পড়ে, *Privacy Act 1988* -এর Part VIIIA -এর অধীনে মামলা লঙ্ঘন এবং তদন্তের উদ্দেশ্যে

এগুলো ছাড়া আমরা আপনার ব্যক্তিগত তথ্য অন্য কোনও উদ্দেশ্যে ব্যবহার বা প্রকাশ করবো না।

ব্যক্তিগত তথ্য মুছে ফেলা যাবে?

আপনি যে কোনও সময় COVIDSafe আনইনস্টল করতে পারেন। এটি স্বয়ংক্রিয়ভাবে আপনার ডিভাইসে সঞ্চিত সমস্ত তথ্য মুছে ফেলবে এবং অন্যান্য ব্যবহারকারীদের আপনার যোগাযোগের ডাটা সংগ্রহ থেকে বিরত করবে।

COVIDSafe আনইনস্টল করা ডাটা স্টোরটিতে ইতিমধ্যে আপলোড করা তথ্য বা অন্য কোনও ব্যবহারকারীর ডিভাইসে সঞ্চিত আপনার যোগাযোগের ডাটা বিগত ২১ দিনের মধ্যে স্বয়ংক্রিয়ভাবে মুছে ফেলা হবে না, কারণ এগুলো এখনও ডাটা স্টোরে আপলোড হতে পারে এবং যোগাযোগের সন্ধানের উদ্দেশ্যে ব্যবহার করা যেতে পারে। আপনি যদি ডাটা স্টোরটিতে আপলোড করা আপনার কোনও যোগাযোগের ডাটা মুছে ফেলতে চান তবে আমাদেরকে স্পষ্টভাবে আপনার তথ্য মুছে ফেলার অনুরোধ (ask us to delete your information) করতে পারেন।

কোনও ইউজার বা ব্যবহারকারী কি ব্যক্তিগত তথ্য সংশোধন করতে বা অ্যাক্সেস করতে পারে?

আপনিঃ

- COVIDSafe ডিলিট করে এবং পুনরায় ইনস্টল করে আপনার রেজিস্ট্রেশনের তথ্য পরিবর্তন করতে পারেন
- আমাদের ডাটা স্টোরে থাকা রেজিস্ট্রেশনের তথ্য মুছে ফেলতে পারেন আমাদের সাথে যোগাযোগ করে
- COVIDSafe- এ সঠিক তথ্য নিবন্ধ করতে পারেন

আপনার COVIDSafe ডাটার সর্বাধিক সুরক্ষা নিশ্চিত করতে ডাটা স্টোরের মধ্যে থাকা আপনার ডাটা আপনি অ্যাক্সেস করতে পারবেন না।

প্রাইভেসি সম্পর্কে আরও তথ্য

COVIDSafe অ্যাপ এবং আপনার গোপনীয়তার অধিকারগুলো সম্পর্কে আরো তথ্য পেতে, অফিস অফ দ্য অস্ট্রেলিয়ান ইনফরমেশন কমিশনার (Office of the Australian Information Commissioner) রূপরেখা প্রদান করেছেন যে কীভাবে প্রাইভেসি অ্যাক্ট ১৯৮৮-টি অস্ট্রেলিয়া সরকারের COVIDSafe অ্যাপটিতে প্রযোজ্য হবে।

আমাদের সাথে যোগাযোগ করুন:

COVIDSafe গোপনীয়তার অনুসন্ধান এবং অভিযোগ

COVIDSafe Privacy সম্পর্কে আরো জানতে অথবা গোপনীয়তার অনুসন্ধান বা অভিযোগ জানাতে আমাদের সাথে যোগাযোগ করুন।

প্রাইভেসি অফিসার	privacy@dta.gov.au
ফোন	02 6120 8707

ডাক ঠিকানা:

Digital Transformation Agency
GPO Box 457, Canberra, ACT 2601

প্রাইভেসি অফিসার (Privacy Officer) সাধারণ প্রকৃতির অনুসন্ধানগুলোর উত্তর প্রদান করার জন্য অস্ট্রেলিয়ান গভর্নমেন্ট ডিপার্টমেন্ট অফ হেলথ (Australian Government Department of Health)-এর উল্লেখ করবেন। প্রাইভেসি অফিসার (Privacy Officer) গোপনীতার ব্যাপারে যেকোন স্বতন্ত্র অভিযোগ প্রাইভেসি অ্যাক্ট ১৯৮৮ (*Privacy Act 1988)* অনুযায়ী ব্যবস্থা নেবেন, যার মধ্যে তদন্তের জন্য অফিস অফ দ্য অস্ট্রেলিয়ান ইনফরমেশন কমিশনার (Office of the Australian Information Commissioner)-এর সাথে গোপনীয়তা লঙ্ঘনের উল্লেখের আবশ্যিকতা অন্তর্ভুক্ত।

অন্যথায়, আপনি যা করতে পারেনঃ

- Office of the Australian Information Commissioner -এর কাছে সরাসরি অভিযোগ জানাতে পারেন এবং/ অথবা

- Australian Federal Police -এর কাছে অভিযোগ জানাতে পারেন

সর্বশেষ আপডেটঃ
৭ই জুলাই, ২০২০

Tags:

- সংক্রামক রোগসমূহ
- জরুরী স্বাস্থ্য ব্যবস্থা